

জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা (রহিতকরণ)  
আইন, ২০০১

২০০১ সনের ৬০ নং আইন

[২ ডিসেম্বর, ২০০১]

জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা আইন, ২০০১ রহিতকরণকল্পে  
প্রণীত আইন।

যেহেতু জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা আইন, ২০০১  
রহিতকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম

১। এই আইন জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা (রহিতকরণ)  
আইন, ২০০১ নামে অভিহিত হইবে।

২০০১ সনের ২৯  
নং আইন এর  
রহিতকরণ

২। জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা আইন, ২০০১ (২০০১  
সনের ২৯ নং আইন) এতদ্বারা রহিত করা হইল।